# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 26-02-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) SIR প্রক্রিয়ায় যেসমস্ত ভোটারদের নথি এখনো ওয়েবসাইটে আপলোড হয়নি, আজ বিকেলের মধ্যে তা' জুডিশিয়াল অফিসারদের হস্তান্তর করতে ERO এবং AERO-দের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

২) রাজ্যে এস আই আর-এ নিযুক্ত বিচারকদের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে কলকাতা হাইকোর্টে প্রধান বিচারপতি সুজয় পাল আজ ফের একদফা বৈঠকে বসছেন।

৩) ইউপিএসসি পশ্চিমবঙ্গে স্থায়ী ডিজিপি নিয়োগের জন্য নামের তালিকা চেয়ে ফের রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

৪) একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের প্রথম পর্বের কাউন্সেলিংয়ে মোট ১৬৮ জনকে সুপারিশ পত্র দিয়েছে স্কুল সার্ভিস কমিশন ।

৫) বিদ্যুত্ বিভ্রাট হলেও এবার থেকে ব্যাটারিতে চলবে মেট্রো রেল।

৬) রবিবার থেকে রাজ্যে দুই থেকে চার ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

-----------------------------------------------------------------------------------------

SIR প্রক্রিয়ায় যেসমস্ত ভোটারদের নথি এখনো ওয়েবসাইটে আপলোড হয়নি, আজ বিকেল ৫'টার মধ্যে তা' জুডিশিয়াল অফিসারদের হস্তান্তর করার জন্য ERO এবং AERO-দের নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

নির্বাচন কমিশনের তরফে গতকাল প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করা হলে, তাঁরা এই নির্দেশ দেন। শীর্ষ আদালত জানিয়েছে, ১৪'ই ফেব্রুয়ারী পর্যন্ত যে সমস্ত ভোটারদের নথি ERO এবং AERO-দের কাছে জমা হয়েছে অথচ আপলোড হয়নি, সেগুলি SIR-এর কাজে নিযুক্ত বিচারবিভাগীয় আধিকারিকদের হাতে তুলে দিতে হবে।

পাশাপাশি, সুপ্রিম কোর্ট জানিয়েছে, SIR-এর নথিপত্র যাচাইয়ের সময় দশম শ্রেণীর অ্যাডমিট কার্ড ও বোর্ড পরীক্ষার পাসের সার্টিফিকেট, অতিরিক্ত নথি হিসেবে পেশ করা যাবে। শুধু মাত্র জন্ম তারিখ এবং অভিভাবকের তথ্য নিশ্চিত করতেই এই নথি গ্রহণ করা যাবে।

-----------------

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যে এস আই আর প্রক্রিয়ার নিযুক্ত বিচারকদের কাজের অগ্রগতি পর্যালোচনা করতে কলকাতা হাইকোর্টে প্রধান বিচারপতি সুজয় পাল আজ ফের একদফা বৈঠকে বসছেন। দুপুর দেড়টায় নির্ধারিত ওই বৈঠকে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনা, রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত ডিজি পীযূশ পান্ডে, কলকাতার পুলিশ কমিশনার সুপ্রতিম সরকার এবং নির্বাচন কমিশনের প্রতিনিধিরা উপস্থিত থাকবেন। সর্বোচ্চ আদালতের নির্দেশ মত শুনানি ও নথি পরীক্ষার কাজের

অগ্রগতি নিয়েই মূলত আলোচনা হবে। এর আগে হাইকোর্টে এই বিষয়ে দুদফা বৈঠক হয়েছে।

এদিকে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতিতে গতসন্ধ্যায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ও কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের রূপরেখা স্থির করতে মুখ্য নির্বাচনী আধিকারিক, পুলিশ, আধাসামরিক বাহিনী ও বিভিন্ন আইন প্রণয়নকারী সংস্থার কর্তাদের সঙ্গে বৈঠক করেন। আগামী পয়লা মার্চ রাজ্যে আসতে চলা ২৪০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা নিয়েই বৈঠকে আলোচনা হয়েছে বলে সিইও দপ্তর সূত্রে জানা গেছে।

----------------

এসআইআর প্রক্রিয়ায় তথ্যগত অসংগতির নামে গোপনে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়া হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, বিজেপি তার সমালোচনা করেছে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, যাবতীয় সমস্যা তৈরি হয়েছে শাসকদলের অসহযোগিতার জন্য।

বাইট

উল্লেখ্য, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-এসআইআর প্রক্রিয়ায় রাজ্যে এক কোটি ২০ লক্ষ মানুষের নাম বাদ যেতে পারে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আশঙ্কা প্রকাশ করেছেন। নিজের বিধানসভা কেন্দ্র ভবানীপুরে গতকাল এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, তথ্যগত অসংগতির কারণ দেখিয়ে এর মধ্যে প্রায় ৮০ লক্ষ ভোটারের নাম বাদ দেওয়া হচ্ছে।

----------------

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের বাইরে বিক্ষোভের ঘটনায় কলকাতা পুলিশ কমিশনার সুপ্রতিম সরকারের কাছে রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। গত মঙ্গলবার তৃণমূল কংগ্রেস পন্থী বিএলওদের সংগঠন সেখানে বিক্ষোভ দেখায়। সিইও -র সঙ্গে দেখা করার জন্য  বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিজেপির প্রতিনিধি দলের সঙ্গে সেখানে পৌঁছলে পরিস্থিতি আরো ঘোরালো হয়ে ওঠে। বিজেপি সমর্থকদের সঙ্গে বিক্ষোভকারীদের বাদানুবাদ তৈরি হয়।

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের বাইরে দলীয় কর্মীদের উপর আক্রমণের ঘটনায় যথাযথ পদক্ষেপ গ্রহণের দাবি জানিয়ে বিজেপি, CEO মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া ওই চিঠিতে অভিযোগ করেন, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির প্রতিনিধি দলকে ঘেরাও করে দাঁড়িয়ে থাকা প্রত্যেকেই নিজেকে BLO বলে দাবি করেছেন। তৃণমূল কংগ্রেস-আশ্রিত দুষ্কৃতীরাই এই  আক্রমণের পেছনে রয়েছে বলে তাঁর অভিযোগ। গোটা ঘটনায় পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করেছে। অবিলম্বে অপরাধীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি দেওয়ার জন্য শ্রী বাজোরিয়া CEO-র কাছে আর্জি জানিয়েছেন।

অন্যদিকে, এই ঘটনায় পুলিশী নিষ্ক্রীয়তার অভিযোগে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

---------------

হাওড়ার গোলাবাড়ি থানার পিলখানায়, দুষ্কৃতীদের গুলিতে প্রমোটার সৌফিক খান ও ওরফে সফিকুলের মৃত্যুর ঘটনায় অন্যতম মূল অভিযুক্ত হারুন খান ঘনিষ্ঠ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মহম্মদ বিলালকে জোড়াসাঁকো থেকে এবং দিলদার হোসেন ও

মহম্মদ ওয়াকিলকে বৌবাজার এলাকা থেকে পাকড়াও করা হয়। ধৃতদের আজ হাওড়া আদালতে তোলা হবে।

এদিকে এই ঘটনায় রাজনৈতিক চাপান উতোর তুঙ্গে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী **সুকান্ত** মজুমদার বলেছেন, রাজ্যে পর্যাপ্ত কর্ম সংস্থান না থাকায় মানুষ অসত্ পথ অবলম্বন করছে। মূল অভিযুক্ত হারুন খান ও রোহিত তৃণমূল কংগ্রেসে বিধায়ক গৌতম চৌধুরীর ঘনিষ্ঠ বলে অভিযোগ করেন তিনি।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, পশ্চিমবঙ্গ যে বারুদের স্তূপের ওপর দাঁড়িয়ে রয়েছে, তা আরও একবার প্রমাণিত হল।

বাইট অধীর

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, রাজ্যে আইনের শাসন বলে কিছু নেই।

বাইট সুজন

উল্লেখ্য, গতকাল ভোরে দুই দুষ্কৃতী খুব কাছ থেকে সৌফিককে গুলি করে চম্পট দেয়। অভিযুক্ত দুজনেই এখনও অধরা।

দোষীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবীতে স্থানীয় বাসিন্দাদের প্রতিবাদ-বিক্ষোভকে কেন্দ্র করে গতকাল ধুন্ধুমার বাধে। এলাকার বাসিন্দারা দুপুর থেকে রাত পর্যন্ত পিলখানা মোড়ে GT রোড অবরোধ করে দফায় দফায় বিক্ষোভ দেখান। পরিস্থিতি সামাল দিতে বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ ঘটনাস্থলে পৌঁছয়।

এদিকে, তৃণমূল কংগ্রেস বিধায়ক গৌতম চৌধুরী, নিহতের বাড়ি গেলে তাঁকে ঘিরে ধরে বিক্ষোভ দেখান স্থানীয়রা।

অন্যদিকে, পিলখানায় খবর সংগ্রহ করতে গিয়ে বেসরকারি টিভি চ্যানেলের সাংবাদিক ময়ূখ ঠাকুর চক্রবর্তী আক্রান্ত হন।

----------------

হিংসা এবং দুর্নীতিকে সমূলে উৎপাটন করার আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস। গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, বাংলার ঐতিহ্য রক্ষার জন্য এই দুটি বিষয় নির্মূল করা প্রয়োজন। হাওড়ায় প্রকাশ্যে গুলি করে খুনের ঘটনার তীব্র নিন্দা করেন তিনি।

----------------

ইউপিএসসি পশ্চিমবঙ্গে স্থায়ী ডিজিপি নিয়োগের জন্য নামের তালিকা চেয়ে ফের রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। ঐ চিঠিতে ৫ ফেব্রুয়ারি পর্যন্ত ডিজি পদে উন্নীত সব আইপিএস আধিকারিকের নাম চেয়ে পাঠানো হয়েছে বলে নবান্ন সূত্রে খবর। আগামীকালের মধ্যে এই তালিকা ইউপিএসসির কাছে পাঠিয়ে দেওয়া হতে পারে বলে জানা গেছে। সূত্রের খবর, এই তালিকায় প্রথমেই রয়েছে, অনুজ শর্মার নাম। তিনি বর্তমানে ডিজি ফায়ার পদে রয়েছেন। এছাড়াও তালিকায় রয়েছে রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহা নির্দেশক পীযূষ পান্ডে, ডিজি হোমগার্ড এন আর বাবু, ডি জি কারেকশনাল সার্ভিস সিদ্ধিনাথ গুপ্তা, ডিরেক্টর সিভিল ডিফেন্স সঞ্জয় সিং সহ ৮ আই পি এস এর নাম।

উল্লেখ্য, তেলেঙ্গানায় পুলিশের মহানির্দেশক নিয়োগের ক্ষেত্রে সমস্যা দেখা দেওয়ার পর সুপ্রিম কোর্ট এ সংক্রান্ত মামলার প্রেক্ষিতে যেকটি রাজ্যে ডি জি পি পদ শূন্য রয়েছে, তাদের কাছ থেকে নতুন করে তালিকা চেয়ে পাঠানোর জন্য ইউপিএসসিকে নির্দেশ দেয়।

----------------

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের প্রথম পর্বের কাউন্সেলিংয়ে মোট ১৬৮ জনকে সুপারিশ পত্র দেওয়া হয়েছে। গত দুদিনে সাতটি বিষয়ের জন্য ১৮২ জন প্রার্থীকে ডাকা হয়েছিল। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে ধাপে ধাপে বাকিদের সুপারিশপত্র দেওয়া হবে বলে এসএসসি জানিয়েছে। একাদশ ও দ্বাদশ শ্রেণির ১২ হাজার ৪৪৫টি শূন্য পদের জন্য ১৮ হাজারের বেশি প্রার্থীকে মেধা তালিকায় রাখা হয়েছে। একাদশ দ্বাদশের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে নবম ও দশম শ্রেণির কাউন্সেলিং শুরু হবে বলে কমিশন সূত্রে জানা গেছে।

----------------

কলকাতা মেট্রোর দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ ব্লু লাইনের সেন্ট্রাল মেট্রো স্টেশনে গতকাল 4 মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন Battery Energy Storage System -BESS চালু করা হয়েছে। ভারতীয় রেলে এই প্রথম এই ব্যবস্থা চালু হল বলে মেট্রোর তরফে জানানো হয়েছে। কলকাতা মেট্রোর জেনারেল ম্যানেজার S. S. মিশ্র আজ এর উদ্বোধন করে জানান, এই ব্যবস্থায় ইনভার্টার ও এডভ্যান্সড কেমিস্ট্রি সেল ( ACC ) ব্যাটারি রয়েছে, যা বিদ্যুৎ বিভ্রাটের ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ করতে সক্ষম। Battery Energy Storage চালু হওয়ার ফলে বিদ্যুৎ বিভ্রাট হলে ট্রেন গুলি টানেলে আটকে না থেকে নিকটবর্তী স্টেশনে পৌঁছাতে পারবে, ফলে যাত্রী নিরাপত্তা সুনিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান।

----------------

রাজ্যে আগামী দুদিন তাপমাত্রার কোনো হেরফের হবে না তবে রবিবার থেকে দুই থেকে চার ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর

জানিয়েছে। আগামী কয়েক দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ৮ ডিগ্রি কম।

-----------------

কাঁচা পাটের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির জন্য কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কৃতজ্ঞতা জানিয়েছেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে তিনি বলেন, কেন্দ্রীয় মন্ত্রিসভার এই ঐতিহাসিক সিদ্ধান্ত রাজ্যের কৃষকদের অর্থনৈতিক পরিস্থিতিতে পরিবর্তন আনবে। দেশে মোট পাট উৎপাদনের ৭০ শতাংশেরও বেশি পশ্চিমবঙ্গে উৎপন্ন হওয়ায় লক্ষ লক্ষ স্থানীয় কৃষক ও পাটকল শ্রমিক উপকৃত হবেন বলে তিনি আশাবাদী।

এই সিদ্ধান্তে খুশি কৃষকরাও। নদীয়ার চাপড়ার বাসিন্দা কৃষক রামচন্দ্র সরকার জানিয়েছেন, কৃষক স্বার্থে কেন্দ্রীয় সরকারের এই উদ্যোগ পাট চাষীদের আরও উৎসাহিত করবে।

বাইট রামচন্দ্র সরকার

----------------- -----------------